



KANGSABOTI COOPERATIVE MILK PRODUCERS' UNION LTD.

COLLEGE MORE, P.O. & DIST. BANKURA, PIN: 722101

Regd. No. : 1/KMU (BK) of 1999
Email ID : kamulbku@gmail.com

Mobile No – 9083288717 /9083288718

মেমো নং- ৮০৬

তারিখ-২৫/০৮/২০২০

টেন্ডার /কোটেসন নোটিশ

কংসাবতী সমবায় দুগ্ধ উৎপাদক সংঘ লিমিটেডের অন্তর্গত বিষ্ণুপুর ডেয়ারী প্ল্যান্টের উৎপাদিত প্যাকেট দুধ ও দুগ্ধজাত দ্রব্য (ক্রোটসহ) বিভিন্ন ডিস্ট্রিবিউটরের কাছে পৌঁছে দেওয়ার জন্য এ. সি. সহ ইনসুলেটেড মহিন্দ্র পিক-আপ ভ্যান গাড়ির প্রকৃত মালিক বা পরিবহন সংস্থার / অন্যের গাড়ির ক্ষেত্রে বৈধ অনুমতি প্রাপ্ত ব্যক্তির কাছ থেকে দরপত্র আহ্বান করা হল। প্রতি কিলোমিটার হিসাবে দরপত্র পূরণ করে, গাড়ির মালিকানা সংক্রান্ত কাগজ / অন্যের গাড়ির ক্ষেত্রে বৈধ অনুমতি পত্র ও গাড়ির বৈধ কাগজপত্রসহ সীলবদ্ধ খামে দুগ্ধ সংঘের আফিসে যে কোনো কাজের দিনে ০৯/০৮/২০২০ তারিখ পর্যন্ত বেলা ২ টার মধ্যে দরপত্র জমা করতে অনুরোধ করা হচ্ছে এবং ঐ দিনে বেলা ৩ টার পরে দরপত্র খোলা হবে।

শর্তাবলীঃ-

- ১) দরপত্র জমা করার সময় খামের উপর মেমো নং, তারিখ ও রুটের বিবরণ পরিষ্কার করে উল্লেখ করবেন।
- ২) প্রয়োজনে অফিসের নির্দেশ অনুযায়ী রুটে গাড়ি চলতে হতে পারে।
- ৩) ট্রান্সপোর্ট বিলে আয়কর ও এম. ভি. আইন বলবৎ থাকবে।
- ৪) ১০ অথবা ২০ টাকা নন-জুডিশিয়াল স্ট্যাম্প পেপারের উপর শর্ত সম্বলিত একটি চুক্তিপত্র করতে হবে।
- ৫) কোনো কারন না দেখিয়ে দরপত্র আংশিক / সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা দুগ্ধ সংঘ আফিস কর্তৃপক্ষের থাকবে।
- ৬) মিল্ক ইউনিয়নে ইনসুলেটেড গাড়ির ক্ষেত্রে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা সিকিউরিটি মানি হিসাবে জমা রাখতে হবে, সংঘ এই টাকার জন্য কোনো সুদ দেবে না।
- ৭) মেয়াদের সময়সীমার এক বছরের মধ্যে গাড়ি তোলা যাবে না। এই শর্তের অন্যথা হলে সিকিউরিটি মানি বাজেয়াপ্ত হবে।
- ৮) গাড়িতে কেবল মাত্র দুধ ও দুগ্ধজাত দ্রব্য ইত্যাদি ইউনিয়নে ব্যতীত অন্য কোনো মাল বহন করা যাবে না।
- ৯) গাড়িতে ইউনিয়ন ব্যতিরেকে অন্য কোনো সংস্থা/ ব্যক্তির কোনো সামগ্রী বহন করলে প্রতি টিপের জন্য ১০০০/- (এক হাজার) টাকা জরিমানা করা হবে।
- ১০) প্রতিদিন সন্ধ্যায় ইউনিয়নের নির্ধারিত সময়সূচী অনুযায়ী নিম্নলিখিত রুটের বিষ্ণুপুর থেকে ১.৬৫ টন ক্ষমতা সম্পন্ন ইনসুলেটেড গাড়ি দ্বারা দুধ ও অন্যান্য দুগ্ধজাত সামগ্রী পরিবহন করতে হবে।
- ১১) পরিবহনের বিল মাসিক হবে। মাস শেষ হওয়ার পর প্রতিমাসের ৫ তারিখের মধ্যে বিল জমা দিলে ১২-১৫ দিনের মধ্যে বিলের অর্থ চেকে দেওয়া হবে। কোনো অবস্থায় অগ্রিম টাকা দেওয়া যাবে না।
- ১২) নিজের নামে গাড়ির মালিকানা সংক্রান্তকাগজ বা অন্যের গাড়ির ক্ষেত্রে বৈধ অনুমতি পত্র ব্যতীত দরপত্র জমা দিলে টেন্ডার বাতিল হবে। অদ্য হতে ৫ বছরের বেশী পুরাতন গাড়ি গ্রহন যোগ্য হবে না।
- ১৩) প্ল্যান্ট থেকে দেওয়া দুধ ও দুগ্ধজাত সামগ্রী ট্যাঙ্ক ইনভয়েস অনুযায়ী বুঝে নিয়ে ডিস্ট্রিবিউটরকে সমস্ত সামগ্রী বুঝিয়ে দিয়ে খালি ক্রেট ফেরৎ নিয়ে আসতে হবে। প্রয়োজনে ডিস্ট্রিবিউটর টাকা দিলে সমপরিমাণ টাকা প্ল্যান্ট কর্তৃপক্ষকে বুঝিয়ে দিতে হবে।
- ১৪) পরিবহনের ত্রুটির জন্য দুধ বা কোনো কিছু নষ্ট হয়, সেক্ষেত্রে পরিবহনের বিল থেকে ক্ষতির সমপরিমাণ মূল্য কাটা হবে।
- ১৫) সর্বনিম্ন যে দরপত্র পাওয়া যাবে অর্থাৎ যিনি সর্বনিম্ন দরপত্রে কাজের আদেশ পাবেন সেই মূল দরপত্রের উপর ভিত্তি করে প্রতি ১ টাকা (লিটার) ডিজেলের দাম বৃদ্ধি হলে ০.১০ টাকা বিল বৃদ্ধি করা হবে (বিল জমা করলে)।
- ১৬) প্রয়োজনে শর্তাবলী সংযোজন ও বিয়োজন হতে পারে।

ক্রঃ নং	পরিবহন শুরু করার তারিখ	প্রতিদিন রুটের মোট দূরত্ব (সন্ধ্যায়)	দুধভর্তি ক্রেটের (১০ কেজি প্রতি ক্রেট) সর্বাধিক সংখ্যা	গাড়ির বিবরণ (পরিমাণ সহ)	রুটের বিবরণ (যাওয়া ও আসা)
১.	আদেশ দেওয়ার ১০ দিনের মধ্যে	১৫০*২=৩০০ কিমি - সন্ধ্যা (কম অথবা বেশি হতে পারে)	১৫০ ক্রেট + ১০ %	১ টি এ. সি. সহ ইনসুলেটেড মহিন্দ্র/টাটা পিক-আপ ভ্যান/ ঐ ধরনের গাড়ি	বিষ্ণুপুর অথবা রাইপুর থেকে কলকাতা অথবা বরাকর অথবা নতুন ডিস্ট্রিবিউটর পয়েন্ট (অফিসের নির্দেশ অনুযায়ী)

পরিচালক অধিকর্তা

কংসাবতী সমবায় দুগ্ধ উৎপাদক সংঘ লিমিটেড

Managing Director
Kangsaboti Co-operative
Milk Producers' Union Ltd.
BANKURA

অনুলিপি প্রেরিত হল প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্যঃ-

- ১) সমস্ত প্ল্যান্ট ইন চার্জ
- ২) সমস্ত গাড়ির মালিক

Please follow :- www.kangsabotimilkunion.com